

## সাদৃশ্য উষ্মে মুসলিমা

মিন্টু রোড ধরে সাতসকালে তড়িঘড়ি যাওয়ার পথে  
সিটি কর্পোরেশনের এক বাড়ুদারকে দেখলাম  
মন্ত্রীর বাসার মুখে ছড়ছড়িয়ে মুতে দিচ্ছে।  
ভাবলাম ভারি সাহসতো ব্যাটা সুইপারের  
এখন যদি মন্ত্রীসাহেব মন্ত্রিং ওয়াক থামিয়ে  
সিকিউরিটি দিয়ে গোড়াপেড়ে ওর নুনু কেটে দেয়?  
তাহলে ওর কোনু বাপে ওকে রক্ষা করবে?  
নগরপিতা কি আর সত্যিই ওর পিতা?  
কিন্তু খানিক দুরে গিয়ে ঘাড় ঘুরিয়ে মনে হলো  
ও সেই একই জায়গা আবার পরিষ্কার করছে।  
'আগুনের পরশমনি' ছবিতে এক বিক্ষুব্ধ বাঙালিকে  
ইয়াহিয়ার ফটো নিষ্ঠীবনে পরিষ্কার করতে দেখেছিলাম।